

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৮.০৯১.১৮-৭২৯

তারিখঃ ০৯/১০/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় ১ম পর্যায় সাধারণ ও উন্নয়ন প্রকল্পের বিপরীতে সংরক্ষিত মহিলা আসনে মাননীয় সংসদ সদস্যগণের অনুকূলে বরাদ্দ প্রসংগে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৭-২৩ তারিখঃ ২৭/০৯/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত স্মারকের পরিপ্রেক্ষিতে চলতি ২০১৭-১৮ অর্থ বছরের গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় ১ম পর্যায় সাধারণ ও উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্ত প্রতিটি সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্যের অনুকূলে ১৯,২০,৯৯৯.৪৭ (উনিশ লক্ষ বিশ হাজার নয়শত নিরানব্বই টাকা সাতচল্লিশ পয়সা) টাকা হিসেবে মোট (৫০× ১৯,২০,৯৯৯.৪৭)=৯,৬০,৪৯,৯৭৩.৪২ (নয় কোটি ষাট লক্ষ ঊনপঞ্চাশ হাজার নয়শত তিয়াত্তর টাকা বিয়াল্লিশ পয়সা) টাকা প্রকল্পের বিপরীতে নিম্নবর্ণিত শর্তানুসারে বরাদ্দ প্রদান করা হলো।

২। আপনার অনুকূলে বরাদ্দকৃত নগদ অর্থ আপনার সংসদীয় এলাকার জেলা/উপজেলায় বিভাজনপূর্বক বরাদ্দের পরিমাণসহ আপনার অভিপ্রায় আগামী ৩১/১০/২০১৭ তারিখের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। কাবিটা সর্বশেষ নির্দেশিকা অনুযায়ী প্রস্তাবিত প্রকল্পের তালিকা প্রত্যুত করতঃ জরুরী ভিত্তিতে জেলা কর্ণধার কমিটি কর্তৃক অনুমোদনের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

- (১) এ মন্ত্রণালয়ের ১ম কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা কাবিটা নির্দেশিকা অনুসরণ করে সত্তর জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;
- (২) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও কাবিটা নির্দেশিকায় বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৩) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই কাবিটা কর্মসূচির নির্দেশিকা ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৪) জেলা কর্ণধার কমিটির অনুমোদনকৃত প্রকল্পের অনুকূলে অর্থ ছাড় করণের জন্য জেলা প্রশাসকগণের প্রতিবেদন অনুসারে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর মূল বরাদ্দ প্রদান করবে;
- (৫) সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্যের সংসদীয় এলাকার মধ্যে প্রকল্প গ্রহণ করতে হবে। নির্বাচনী এলাকার বাইরে প্রকল্প গ্রহণ করা যাবে না।
- (৬) পি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। পি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ডিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করা।
- (৭) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পূর্ণ না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ।
- (৮) প্রকল্প সৃষ্ট বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা।
- (৯) বরাদ্দ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাংগিক কাজ সম্পূর্ণ করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করা।
- (১০) কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনা।
- (১১) প্রকল্পের সৃষ্ট বাস্তবায়ন এবং অপচয় রোধকল্পে আপনার প্রতিনিধি দ্বারা প্রকল্পগুলোর সার্বিক পর্যবেক্ষণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতে হবে;
- (১২) নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে;
- (১৩) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬ আঃ গণি রোড ঢাকাকে বিধিমতে অর্থের প্রয়োজনীয় ক্ষমতাপত্র জারী করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ রিয়াজ আহম্মদ)

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

ফোনঃ ৯৮৪১৫৮১

dg@ddm.gov.bd

মাননীয় সংসদ সদস্য
সংরক্ষিত আসন-